



স্মারক নং-চাঁবিপ্রবি/গুচ্ছ ভর্তি/২০২২-২৩/১০

তারিখঃ ০৩/০৫/২০২৩ ইং

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি নির্দেশিকা

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক/স্নাতক(সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

১। ইউনিট/বিভাগ ভিত্তিক আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

আবেদনের সময় ভর্তির জন্য পছন্দের বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে। পরবর্তীতে বিভাগ পছন্দক্রম পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। অত্র বিশ্ববিদ্যালয়ে GST-এর B ইউনিটের জন্য নির্ধারিত কোন বিভাগ নাই। C ইউনিটের জন্য নির্ধারিত আসনে ভর্তির নিমিত্তে A ইউনিটের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

ইউনিট (অনুষদ/অনুষদসমূহ)	বিভাগ	ইউনিট ভিত্তিক আসন সংখ্যা				বিষয়ভিত্তিক নূন্যতম যোগ্যতা
		A	B	C	মোট	
A ইউনিট (প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ)	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	৩০	০০	০০	৩০	GST গুচ্ছভুক্ত A ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণসহ গণিত বিষয়ের উত্তর প্রদান করতে হবে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।
	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT)	৩০	০০	০০	৩০	
C ইউনিট (বিজনেস স্টাডিস অনুষদ)	ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (BBA)	০৪	০০	২৬	৩০	GST গুচ্ছভুক্ত A এবং C ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।
মোট আসন সংখ্যা		৬৪	০০	২৬	৯০	

[বি. দ্র.]: C ইউনিটের ক্ষেত্রে A ইউনিটের জন্য বরাদ্দকৃত আসন সংখ্যা ৪(চার) জন পূরণ না হলে C ইউনিটের পরীক্ষার্থী দ্বারা শূন্য আসনসমূহ পূরণ করা হবে।

২। **কোটার আবেদনের শর্তাবলি:** কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: (১) মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান) এবং (২) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা (EMQ)। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক এর সনদপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।

**কোটার আসনবিন্যাস:**

ক্রমিক	কোটা	ইউনিট ভিত্তিক আসন সংখ্যা			মন্তব্য
		A	C	মোট	
০১	মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য)	০২	০১	০৩	A ইউনিটের ক্ষেত্রে প্রতি বিভাগে ১ জন
০২	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা (EMQ)	০২	০১	০৩	A ইউনিটের ক্ষেত্রে প্রতি বিভাগে ১ জন
মোট আসন সংখ্যা		০৪	০২	০৬	

৩। মেধাক্রম তৈরির পদ্ধতি:

- GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়মূহের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ইউনিট ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- GST ভর্তি পরীক্ষায় একাধিক শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রস্তুত করা হবে।

A ইউনিট-এর ক্ষেত্রে:

- ক) GST ভর্তি পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
- খ) GST ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;
- গ) এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
- ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;

C ইউনিট-এর ক্ষেত্রে:

- ক) GST ভর্তি পরীক্ষায় একাউন্টিং বিষয়ে প্রাপ্ত নম্বর;
- খ) GST ভর্তি পরীক্ষায় ব্যবসা সংগঠন ও ব্যবস্থাপনা বিষয়ে প্রাপ্ত নম্বর;
- গ) এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
- ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;

C ইউনিট-এর ক্ষেত্রে: (A ইউনিট হতে আগত পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)

- ক) GST ভর্তি পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
- খ) GST ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;
- গ) এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
- ঘ) এইচএসসি/সমমান পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;

হেল্পলাইন:

ফোন: +৮৮০-২-৪১০৯০৭৭১, মোবাইল: ০১৭১৪-৯১০১০২ (সকাল ১০:০০ থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত)

ই-মেইল: admission@cstu.ac.bd

প্রকৌশলী মেজর মোঃ আবদুল হাই (অবঃ)

রেজিস্ট্রার

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়